

30 CNG buses inaugurated

TIMES NEWS NETWORK

Kolkata: Thirty CNG buses and the reconstructed gangway and jetty at Millennium Park were inaugurated on Tuesday at a programme at Millennium Park in the presence of the mayor, Firhad Hakim.

MILLENNIUM PARK JETTY OPENED

The 30 clean-fuel CNG buses will be deployed on different routes from next Monday.

The conversion from diesel to CNG will not only save money but will have an immense positive environmental impact, said a WBTC officer. These old buses after the switchover will have a fresh lease of life in transporting commuters.

গ্যাসের লাইন

বেঙ্গল গ্যাস ও কেন্দ্রের গ্যাস
অধিষ্টি অব ইন্ডিয়া লিমিটেডের
যৌথ উদ্যোগ এবং রাজ্য
সরকারের সহযোগিতায় বাড়ি
বাড়ি রান্নার গ্যাস সরবরাহের
উদ্যোগ নেওয়া হয়েছে। শুক্রবার
এই নতুন গ্যাস পাইপলাইনের
কাজ শুরু হল ব্যারাকপুরে।
এই কাজের সূচনা করে
ব্যারাকপুরের পুরপ্রধান উত্তম
দাস বলেন, “আগামী ছ’মাসের
মধ্যে পুরসভার ২৪টি ওয়ার্ডেই
পাইপলাইনের কাজ শেষ হবে।”

ফের রাজ্যের দ্বারস্থ গেল

নিজস্ব সংবাদদাতা

জমি-জটে প্রাকৃতিক গ্যাস জোগানের প্রস্তাবিত পাইপলাইন নির্মাণ বারবার বাধার মুখে পড়ায় ফের রাজ্যের দ্বারস্থ হল রাষ্ট্রীয়স্ত সংস্থা গেল। বৃহস্পতিবার শিল্পসচিব বন্দনা যাদব-সহ শিল্প দফতরের কর্তাদের সঙ্গে বৈঠক করেন সংস্থার ডিরেক্টর (প্রোজেক্টস) দীপক গুপ্ত এবং অন্যান্য কর্তারা।

প্রশাসনিক সূত্রে খবর, নবান্ন ও জেলা প্রশাসনের নানা স্তরে একাধিক বৈঠকের পরেও দুর্গাপুর-হলদিয়া পাইপলাইনের পানাগড় থেকে গয়েশপুরের সামান্য অংশে জমি ব্যবহারের অনুমতি (আরওইউ) না মেলায় যে কাজ ধাক্কা খাচ্ছে, সে কথা ওঠে বৈঠকে। রাজ্যের হস্তক্ষেপ চান গেল কর্তারা। আরওইউ-র জন্য শিল্প দফতরে আর্জি জানান। পাইপলাইন তৈরিতে দেরি হলে গ্যাস জোগানের সমস্যা বাড়ার আশঙ্কাও প্রকাশ করেন। রাজ্য ফের সাহায্যের আশ্বাস দিয়েছে। তবে এ নিয়ে শিল্পসচিবের সঙ্গে যোগাযোগের চেষ্টা হলেও প্রতিক্রিয়া

মেলেনি। সূত্র জানাচ্ছে, বৈঠকে গ্যাস বণ্টনকারী বেঙ্গল গ্যাস কোম্পানির (বিজিসি) কর্তারা ছিলেন। দক্ষিণবঙ্গে তা দেবে হিন্দুস্তান পেট্রোলিয়াম, আইওসি আদানিও।

রাজ্যে প্রাকৃতিক গ্যাস (সিএনজি, পিএনজি) দিতে পানাগড় পর্যন্ত পাইপলাইন চালু হওয়ায় কার্যত ঘুরে দাঁড়িয়েছে ম্যাটিঙ্ক গোষ্ঠীর সার কারখানা। তাই শিল্পের চোখ প্রকল্পে। কিন্তু গোড়া থেকেই জমি-জটে পিছোচ্ছে সেটি। বাড়ছে খরচও। একটি শাখা পানাগড় থেকে ছগলির রাজারামবাটি হয়ে নদিয়ার গয়েশপুরে পৌঁছবে। অন্যটি রাজারামবাটি থেকে হলদিয়া। গয়েশপুর পর্যন্ত শাখার ১৩৩ কিলোমিটার দৈর্ঘ্যের মধ্যে পূর্ব বর্ধমানের বাবলায় মাত্র ২৫০ মিটারেরও কম জমির আরওইউ মেলেনি। সেটি থেকেই কলকাতায় পাইপলাইনে গ্যাস আসবে। অন্য শাখাটির কাজও পিছিয়ে একই সমস্যায়। এ দিন সে ব্যাপারেও কথা হয়। এ দিকে সিএনজির দাম কিলোগ্রামে ২.৫০ টাকা করে কমেছে।

গ্যাস-বৈঠক

সিএনজি জোগানে সমস্যা নিয়ে কলকাতায় তার অন্যতম বণ্টনকারী সংস্থা বেঙ্গল গ্যাসের (বিজিসি) কর্তাদের সঙ্গে বৈঠক করলেন জয়েন্ট ফোরাম অব ট্রান্সপোর্ট অপারেটর্সের দুই কর্তা। তাঁরা সিএনজির জোগান বৃদ্ধির আর্জি জানান। বিজিসি-র আধিকারিকেরা বলেন, জমি জটে গেলের গ্যাসের পাইপলাইন নির্মাণ থমকে থাকায় কলকাতায় সরাসরি পাইপে গ্যাসের জোগান চালু করা যাচ্ছে না। রাজ্য ও জেলা প্রশাসনের উচ্চপর্যায়ের কয়েক দফা বৈঠক হলেও বর্ধমানের সেই জট এখনও খোলেনি।

ফোরামের দুই কর্তা ইন্দ্রনীল বন্দ্যোপাধ্যায় ও টিটু সাহার বক্তব্য, অনেক সময়ই দুর্গাপুর থেকে গ্যাসের গাড়ি শহরে আসতে ২৪ ঘণ্টা লাগে। তবে বিজিসি বাড়তি ট্রাকে সিএনজি জোগানের আশ্বাস দিয়েছে। বিজিসি সূত্রের বক্তব্য, কেন গ্যাসের জোগানে দেরি এবং পাইপলাইন গড়ায় সমস্যার কথা ফোরামকে জানানো হয়েছে। ফোরামও এ নিয়ে রাজ্যের সঙ্গে কথা বলবে বলে জানিয়েছে।